

অক্টোবর ২২ OCT 1986

পৃষ্ঠা ১ কলাম ৩

036



গত ১৫ অক্টোবরের প্রেসিডেন্ট নির্বাচনে বিপুল ভোটে জয়লাভ করায় বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃত্বে গতকাল পুরনো সংসদ ভবনে প্রেসিডেন্ট এরশাদকে মোবারকবাদ জানান।

শিক্ষকদের সম্মান দিতে হবে

প্রেসিডেন্ট

। স্টাফ রিপোর্টার ॥

প্রেসিডেন্ট এরশাদ বলেন, যে জাতি শিক্ষকদের সম্মান দিতে জানে না, সে জাতি উন্নতি করতে পারে না।
গতকাল (মঙ্গলবার) বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃত্বের সমাবেশে প্রেসিডেন্ট একথা বলেন। গত ১৫ অক্টোবরের নির্বাচনে প্রেসিডেন্ট এরশাদের বিপুল বিজয়ে

অঙ্গসংগঠনসমূহের নেতৃত্বে গতকাল সক্ষায় সিএমএলএ সচিবালয়ে প্রেসিডেন্টকে মোবারকবাদ জানাতে যান। ফেডারেশনের নেতৃত্বে প্রেসিডেন্টকে বিপুলভাবে মাল্যভূষিত করেন। উল্লেখ, প্রেসিডেন্ট এরশাদ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাচিত চেয়ারম্যান। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব ধর্মসন্তু

আলহাজ্জ মাওলানা এম. এ. মামানও সমাবেশে বক্তৃতা করেন।
প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষাঙ্গনের পরিবেশ বজায় রাখতে শিক্ষায়তন্ত্রগুলোকে রাজনীতি থেকে দূরে রাখতে হবে। তিনি শিক্ষকগণকে ভবিষ্যৎ বংশধর গড়ে তোলার স্থপতি বলে উল্লেখ করেন। শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে শিক্ষকগণের আন্তরিক চেষ্টা করার জন্য তিনি শেষ পঃ ৫-এর কঃ দেখন

প্রেসিডেন্ট

প্রথম পঠার পর

আহবান জানান। বর্তমান সরকার কর্তৃক শিক্ষকদের কল্যাণে গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে, প্রেসিডেন্ট বলেন যে, অর্থনৈতিক সীমাবদ্ধতার মধ্যেও শিক্ষকদের কল্যাণে বর্তমান সরকার সাধ্যমত পদক্ষেপ নিয়েছেন। তিনি বলেন, আমি একথা গবের সাথে বলতে পারি যে, শিক্ষকরা আজ সমাজে সম্মান ও মর্যাদার সাথে প্রতিষ্ঠিত। প্রেসিডেন্ট বলেন, শিক্ষকরা অতীত ঐতিহ্য অনুসৰে শিক্ষাঙ্গনের পবিত্রতা বজায় রাখবেন বলে জাতি আশা করে। প্রেসিডেন্ট এরশাদ বলেন, তাঁর সরকার দেশের রাজনীতির গুণগত পরিবর্তন সাধনে সচেষ্ট। তিনি বলেন, এই নতুন রাজনীতি দেশের সর্বত্র শিক্ষার আলো সম্প্রসারণ, জীবনযাত্রার মানোষ্যন, এবং জাতীয় সম্পদের সুসম বন্টন নিশ্চিত করবে। বাংলাদেশ জিমিয়াতুল মোদাবেছীনের সেক্রেটারী জেনারেল মাওলানা খন্দকার নাসিরউদ্দীন, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি এ, কে, এম, শহীদুজ্জাহ, সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এ, কে, এম, আলী রেজা, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুজ্জাহ, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ শাহিদুর রহমান-সহ ফেডারেশনের নেতৃত্বে এ অনঠানে উপস্থিত ছিলেন।